

3 (Sem-5) BEN M 3

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 5.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুযায়ী উত্তর দাও :

১×৭=৭

(ক) “সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু ...”

গীতটির গায়ক

(১) পিয়ারা

(২) মহামায়া

(৩) জাহানারা

(৪) বালিকারা

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

(খ) ‘সাজাহান’ নাটকের প্রথম অঙ্কের প্রথম দৃশ্যে কোন্
রাজপ্রাসাদের কথা বলা হয়েছে?

(১) দিল্লি

(২) মেবার

(৩) আগ্রা

(৪) লখনউ

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

8A/195

(Turn Over)

- (গ) মহামায়ার স্বামীর নাম কী ?
(১) জয়সিংহ
(২) বীর সিংহ
(৩) পৃথ্বী সিংহ
(৪) যশোবন্ত সিংহ (শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

(ঘ) “ভুলের ফুলে ভরেছি মোর সাজি ...”

গানটির গায়ক

- (১) ফুলজান
(২) রহিম
(৩) মায়ী
(৪) শ্রীমন্ত (শুদ্ধ উত্তরটি বেছে লেখো)
- (ঙ) ‘ছেঁড়া তার’ নাটকের প্রথম মঞ্চায়নে ফুলজানের ভূমিকায় কে অভিনয় করেছিলেন ?
- (চ) হাকিমুদ্দিন ভূতোর নাম কী ?
- (ছ) দুলু তার বউকে দুর্ভিক্ষের সময় কত টাকায় বিক্রি করেছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৪ = ৮$

- (ক) “জানি, দুর্ভাগ্য একা আসে না। যখন আরম্ভ হয়েছে, সে তার পালা শেষ না করে’ যাবে না।” বক্তা কে? তিনি কাকে এ কথা বলেছেন ?
- (খ) “বাবা! বড় পিপাসা—একটু জল!” কার উদ্দেশ্যে, কে এই কথা বলেছেন ?

- (গ) “My dear modern lady, চাষা কথাটা কিন্তু মোটেই গালাগাল নয়।” বক্তা কে? ‘Modern lady’ বলতে কাকে বোঝানো হয়েছে ?
- (ঘ) “ও খুব চালাক। বেশ তীক্ষ্ণ বুদ্ধি! আজকাল ত’ আমাদের Cow shed-এ কাজ কচ্ছে।” বক্তা কে? তিনি কার কথা বলেছেন ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৩ = ১৫$

- (ক) “এই তোমার পিতৃভক্তি! —তা হবে। প্রদীপের নীচেই সর্বাপেক্ষা অন্ধকার!” সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।
- (খ) “ক্ষত্রিয় বীর তুমি—ক্ষত্রকুলের অবমাননা করেছে!” বক্তার এরূপ মন্তব্যের কারণটি আলোচনা করো।
- (গ) টীকা লেখো :
পিয়ারা অথবা নাদিরা
- (ঘ) টীকা লেখো :
কানা ফকীর অথবা মহিম
- (ঙ) “ইমান ঠিক থাকলে কোন দিন হাইর হয়ে না।” মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$

ক—গুচ্ছ

- (ক) ঐতিহাসিক নাটক হিসেবে ‘সাজাহান’ নাটকের সার্থকতা বিচার করো।

(4)

- (খ) 'সাজাহান' নাটকে জাহানারা চরিত্র নাট্যকাহিনির কি প্রয়োজন সিদ্ধ করেছে, আলোচনা করো।
- (গ) সমালোচকের মতে, "সাজাহানের ভূমিকা নিষ্ক্রিয় সাক্ষীর ভূমিকা।" 'সাজাহান' নাটকের আলোকে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

খ—গুচ্ছ

- (ক) "রহিম জ্ঞান-কর্ম অনুভব—সব দিক থেকেই উন্নত চরিত্র।" সমালোচকের এই মন্তব্য কতটা সমর্থনযোগ্য তা 'ছেঁড়া তার' নাটক অবলম্বনে আলোচনা করো।
- (খ) 'ছেঁড়া তার' নাটক সার্থক ট্রাজেডি হয়েছে কি না, যুক্তিসহ আলোচনা করো।
- (গ) " 'ছেঁড়া তার' নাটকের ভাববস্তু মূলত দুর্ভিক্ষের পটভূমিকায় কায়েমী স্বার্থের চক্রান্তে একটি সুখী পরিবারের বিধ্বস্ত হয়ে যাওয়া নিয়ে গড়ে উঠেছে।" 'ছেঁড়া তার' নাটকের আলোকে উক্তিটির মর্মার্থ বিশ্লেষণ করো।
